দৈনিক
ইনকিলাব

তারিখ ... MAR 2009
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১

# শিক্ষামন্ত্রীর সাথে অভিভাবক সমন্বয় কমিটির বৈঠক

**প্রেস বিজ্ঞপ্তি :** শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে গতকাল (সোমবার) শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে 'অভিভাবক সমন্বয় কমিটি বাংলাদেশ'-এর প্রতিনিধি দলের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় সৃজনশীল পদ্ধতির প্রয়োগের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। প্রতিনিধি দল ২০১১ সালে এসএসসি পরীক্ষায় সৃজনশীল পদ্ধতি প্রয়োগ না করে নিম্নশ্রেণী থেকে চালুর অভিমত ব্যক্ত করেন। মন্ত্রী ধৈর্য্য সহকারে তাদের বক্তব্য শোনেন এবং বিষয়টি বিবেচনার আশ্বাস দেন এবং প্রতিনিধি দল মন্ত্রীকে একটি স্মারকলিপি প্রদান করেন। প্রতিনিধি দলে সদস্যরা হলেন- ছেফায়েত উল্লাহ পাটোয়ারী, মাহাবুবুল আলম, মোশাররফ হোসেন, নীপা সুলতানা, মনিরুজ্জামান সিদ্দিকী, খলিলুর রহমান কাদেরী, সুবনা ভৌমিক, জাকির হোসেন প্রমুখ।